

ছড়াকার : আফিফা আবেদীন মাওদা



প্রচ্ছদ :

আনিকা তুবা

অংকন :

তাসনীম সানজানা
ফারিহা মুশাররাত





আম্মার যত কারিঘুনি
বাড়ছে ধীরে ধীরে
কেউ ভেসেছে চোখের জলে
কেউ গিয়েছে ফিরে।
ওদের ঘিরেই বই হলো তাই
ছন্দ দিয়ে বোনা
খুব লুকানো গল্প তাতে
যায়নি আগে শোনা!



মায়ের সালাত

ঠিক দুপুরে গলির মোড়ে
দুইটা বিড়াল হল্লা করে
ইঁদুর, ছুঁচো, ম্যাছের কাটা,
হচ্ছে না যে সঠিক বাটা!


পাশেই ছিল একটা বাড়ি
থাকত মেয়ে মিষ্টি ভারি।
ওর যে হঠাৎ কী হয়েছে
থাকবে কোলে মায়ের কাছে।
মা বেচারি খুঁজছে উপায়
কেন্নে হবে সালাত আদায়?

যেই না শুনে বিড়াল চেষ্টায়
মিষ্টি মেয়ে দেখতে যে চায়
দৌড়ে গেছে ওই জানালায়
এই সুযোগে মা-টা পালায়



'এই যে তোরা দুষ্ট নাকি
ঝগড়া করে কাজে ফাঁকি?
এই দিকে দেখ, আমার দিকে
আদব লেহাজ নিস তো শিখে!
অমন করে ঝগড়া করিস
নখের খাবায় খামচে ধরিস?'

শাসন চলে মিনিট জুড়ে
সালাত পড়ে মা-টা দূরে
যেই না সালাম মা ফিরাল
শান্ত হলো দুই বিড়ালও!



তাও কি খুকির মন মানে আর
খুঁজতে থাকে ভাইটাকে
চুপটি করে আদর মেখে
সটকে পড়া চাই তাকে ।

মা টেনে নেয় বুকের মাঝে
শোক চেপে যায় খুব করে
বলতে গিয়ে ছেলের কথা
যায় কি গলা তার ধরে?

ভাই তো তোমার দিব্যি আছে
আরশতলে ঘুম দিয়ে
জান্নাতে ঠিক দেখতে পাবে
আল্লাহ যদি যান নিয়ে ।

এই যে তোমার মন ভালো নেই
চোখ ভিজে যায় কান্নাতে
এমন কিছুই থাকবে না আর
আমরা গেলে জান্নাতে!

